নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৬/২৪১০ ১৫ জানুয়ারি ২০২৬

<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>

# গণভোটের প্রচার ও উদ্বুদ্ধকরণে চট্টগ্রাম বিভাগীয় সভায় নোবিপ্রবি উপাচার্যের অংশগ্রহণ

গণভোটের প্রচার ও উদ্বুদ্ধকরণের উদ্দেশ্যে চট্টগ্রামে বিভাগীয় মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (১৫ জানুয়ারি ২০২৬) চট্টগ্রাম জেলা স্টেডিয়ামে এ সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (উপদেষ্টা পদমর্যাদা) অধ্যাপক ড. আলী রিয়াজ। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে অংশগ্রহণ করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

'দেশের চাবী আপনার হাতে, পরিবর্তনের জন্য- হ্যাঁ' প্রতিপাদ্যে আসন্ন গণভোট-২০২৬ ও ত্রয়োদশ জতীয় সংসদ নির্বাচন উপলক্ষে চট্টগ্রাম বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসন এ মতবিনিময় সভার আয়োজন করে।

চট্টগ্রামের বিভাগীয় কমিশনার ড. মোঃ জিয়াউদ্দিনের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি ছিলেন মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (সিনিয়র সচিব পদমর্যাদা) জনাব মনির হায়দার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোঃ কামাল উদ্দিন। মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবির উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, নোয়াখালী জেলার জেলা প্রশাসক মুহাম্মদ শফিকুল ইসলামসহ বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ সিনিয়র শিক্ষক, সাংবাদিক, গণ্যমান্য ব্যক্তিবর্গ, এনজিও প্রধান, ধর্মীয় নেতৃবৃন্দ ও সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪